দৈনিক বাংলা

তারিখ ২.২.৮৪
পৃষ্ঠা … কলাম …

032

# ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস, ১৯৮৪

আগামী শনিবার ৪ঠা ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত হবে। সকাল ৯টায় কলাভবন সংলগ্ন প্রাঙ্গণে-এ দিবসের উদ্বোধন করা হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন উপাচার্য অধ্যাপক মোঃ শামসুল হক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রখ্যাত বিজ্ঞানী অধ্যাপক এম ইন্নাস আলী।

কর্মসূচী ঃ

১। উদ্বোধনী অনুষ্ঠান ঃ (ক) বিএনসিসি, রেঞ্জার্স ও রোভারদের সম্মিলিত কুচকাওয়াজ। (খ) সভা।

২। পুস্তক, চারুকলা, হস্তশিল্প ও মুক্তিযুদ্ধের শহীদদের ব্যবহৃত জিনিসপত্রের প্রদর্শনী।

৩। নাটক ও সংগীতানুষ্ঠান।

৪। প্রীতি ক্রিকেট ম্যাচ—শিক্ষক ও অফিসার বনাম এ্যালুমনাই এসোসিয়েশন।

অভ্যাগতদের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ, ইনস্টিটিউট, হল, গ্রন্থাগার, গ্রন্থসংস্থা, ক্যাফেটারিয়া, দফতর ইত্যাদি সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকবে।

বিশ্ববিদ্যালয়ের সকল প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী, অভিভাবক, শিক্ষক, শিক্ষানুরাগী, অফিসার ও কর্মচারীকে উক্ত দিবসে সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে। পৃথকভাবে কোন আমন্ত্রণলিপি পাঠানো হচ্ছে না।

রেজিস্ট্রার,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

জি—৪৬৮